

ইরানে ইসরায়েলি হামলা, বাতিল সব ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 26 October, 2024



তেহরান: ইসরাইলের উড়োজাহাজ হামলার মধ্যে ইরানের সব বিমানবন্দর থেকে ফ্লাইট বাতিলের ঘোষণা দেয়া হয়েছে। ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থার বরাত দিয়ে আন্তর্জাতিক গণমাধ্যম এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সব বুটের ফ্লাইট বাতিল থাকবে বলেও জানিয়েছে ইরান।

ইরানের বেসামরিক উড়োজাহাজ চলাচল সংস্থার একজন মুখপাত্র বলেছেন, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সমস্ত বুটের ফ্লাইট বাতিল করা হয়েছে। ফ্লাইট পুনরায় কখন থেকে চলাচল শুরু হবে তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

ইসরাইলি গণমাধ্যম জানিয়েছে, শনিবার (২৬ অক্টোবর) স্থানীয় সময় সকাল সাড়ে ৮টা পর্যন্ত ইসরাইলও তাদের আকাশসীমা বন্ধ রাখার ঘোষণা দিয়েছে।

এদিকে ইরানে ইসরাইলি হামলার পর ইরাক তাদের আকাশসীমা সাময়িকভাবে বন্ধ করে দিয়েছে। গণমাধ্যম'র লাইভ প্রতিবেদনে বলা হয়েছে, ইরাকের পরিবহন মন্ত্রণালয় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত দেশের সব বিমানবন্দরে ফ্লাইট চলাচল স্থগিত রাখার ঘোষণা দিয়েছে।

শুক্রবার রাতে ইসরাইলের সামরিক বাহিনী এক বিবৃতিতে বলেছে, 'ইসরাইল কয়েক মাস ধরে ইরানের হামলার জবাবে, এই মুহূর্তে ইরানের সামরিক স্থাপনাগুলোয় সুনির্দিষ্টভাবে হামলা চালাচ্ছে ইসরাইলের প্রতিরক্ষা বাহিনী।'

ইরানে ইসরাইলের হামলার বিষয়টি নিশ্চিত করেছে যুক্তরাষ্ট্রও। দেশটির জাতীয় নিরাপত্তা কাউন্সিলের মুখপাত্র সেন সাভেট এক বিবৃতিতে বলেন, নিজেদের আত্মরক্ষার জন্য ইরানের বিভিন্ন সামরিক স্থাপনায় সুনির্দিষ্টভাবে হামলা চালাচ্ছে ইসরাইল। এটি গত ১ অক্টোবর ইরানের হামলার জবাব।

